
দৈনিক বাংলা

তারিখ 05 SEP 1988
পৃষ্ঠা ১ কলাম ৫



গতকাল নিউমার্কেট এলাকায় হাঙ্গামার সময় একটি টেম্পোতে আগুন দেয়া হয় —দৈনিক বাংলা

লাঠিচার্জ ঃ ১৮ জন গ্রেফতার

# নিউ মার্কেট এলাকায় হাঙ্গামাঃ ভাংচুরঃ সিটি কলেজ বন্ধ

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা কলেজ, নিউমার্কেট ও আশপাশের এলাকায় গতকাল সোমবার আবার গোলযোগ হয়েছে। ছাত্র ও পুলিশের মধ্যে সংঘর্ষ হয়েছে। বোমাবাজি, গাড়ী ও দোকান ভাংচুর এবং অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে।

সকাল সাড়ে দশটা নাগাদ এ গোলযোগ শুরু হয়। প্রায় চার ঘন্টা গোলযোগ চলে। এক পর্যায়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য পুলিশ ছাত্রদের উপর মৃদু লাঠি চার্জ করে। ১৮ জন ছাত্রকে গ্রেফতার করা হয়েছে।

আজ মঙ্গলবার থেকে সিটি কলেজের সকল ক্লাস আগামী ১০ই সেপ্টেম্বর রোববার পর্যন্ত স্থগিত ঘোষণা করা হয়েছে। তবে ভর্তি সংক্রান্ত সব কাজ চলবে এবং কলেজের অফিস খোলা থাকবে। গতকাল সকালে সিটি কলেজের

(৩-এর পৃঃ দ্রঃ)

## সিটি কলেজ বন্ধ

(১-এর পৃঃ পর)

শিক্ষকমন্ডলীর এক জরুরী সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় কলেজের অধ্যক্ষ জনাব মুহাম্মদ হাফিজউদ্দিন সভাপতিত্ব করেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, গত শনিবারের ছাত্র সংঘর্ষের জের হিসাবে ঢাকা কলেজের কয়েক শ ছাত্র গতকাল সকাল সাড়ে দশটায় কলেজ থেকে লাঠিসোটা সহ একটি জঙ্গী মিছিল বের করে। আজিমপুর, নীলক্ষেত এলাকা ঘুরে সিটি কলেজের দিকে যাওয়ার সময় নিউ মার্কেটের সামনে পুলিশ মিছিলটির গতিরোধ করে। এ পর্যায়ে ছাত্ররা সহিংস হয়ে ওঠে এবং পুলিশের প্রতি ইটপাটকেল নিক্ষেপ করতে থাকলে ছাত্র-পুলিশ সংঘর্ষ বেধে যায়। সমগ্র নিউ মার্কেট নীলক্ষেত এলাকায় এ সংঘর্ষ ছড়িয়ে পড়ে। সংঘর্ষের সময় এ এলাকায় ছাত্ররা ইটপাটকেল নিক্ষেপ করে বেশ কিছু যানবাহন ও দোকানপাট ভাংচুর করে। এ সময় ছাত্ররা একটি মশলা কোম্পানীর বেবী ভ্যানে (নং ঢাকা মেট্রো-ন-৩০৩২) অগ্নিসংযোগ করে। সংঘর্ষের সময় বেশ কয়েকটি বোমাও বিস্ফোরিত হয়।

দুপুর আড়াইটা পর্যন্ত প্রায় ৪ ঘন্টাব্যাপী এ গোলযোগের সময় নিউমার্কেট এলাকার অধিকাংশ দোকানপাট বন্ধ হয়ে যায় এবং রাস্তায় যানজটের সৃষ্টি হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য পুলিশ এক পর্যায়ে ছাত্রদের উপর মৃদু লাঠিচার্জ করে। ছাত্র-পুলিশ সংঘর্ষে কয়েকজন পুলিশ কনস্টেবল এবং বেশ কিছু ছাত্র আহত হয়। এ ব্যাপারে ধানমন্ডি থানায় মামলা দায়ের করা হয়েছে।

**ছাত্রদল নেতার অভিযোগ**

জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি আসাদুজ্জমান রিপন ও সাধারণ সম্পাদক আমানউল্লাহ আমান এক বিবৃতিতে গত রোববার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় গোলাগুলির ঘটনার জন্য ছাত্রলীগকে (হা-অ) দায়ী করেছেন। গতকাল প্রদত্ত এ বিবৃতিতে নেতৃদ্বয় বলেন, শেখ হাসিনার ধানমন্ডির বাসভবনে হামলার জন্য আওয়ামী লীগ যে রাসুর বিরুদ্ধে মামলা করেছিল সে রসু-চক্র (হা-অ) ছত্রছায়ায় মহসিন হলে হামলা চালায়। মহসিন হল ছাত্র সংসদের সহসভাপতি এমদাদ খান ও সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম গতকাল অনুরূপ এক বিবৃতিতে রোববার রাতে মহসিন হলে গুলিবর্ষণের ঘটনার নিন্দা করেছেন।